

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ জুলাই ২০২২ খ্রি.

সুনামগঞ্জের জেলা প্রশাসকের নিকট
চসিকের ত্রানসামগ্রী হস্তান্তর

সুনামগঞ্জের ভয়াবহ বন্যায় অসহায় ও দুর্গত সাধারণ মানুষের মাঝে বিতরণের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রেরিত দুই হাজার প্যাকেট শুকনো খাদ্য সামগ্রী আজ বৃহস্পতিবার দুপুরে সুনামগঞ্জ জেলা প্রশাসক জাহাঙ্গীর হোসেনের নিকট হস্তান্তর করা হয়। চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর প্রেরিত এই খাদ্য সামগ্রী ওয়ার্ড কাউন্সিলর জহুরুল আলম জসীম ও আবদুস সালাম মাসুমের টিম জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করেন। জেলা প্রশাসন এই খাদ্য সামগ্রী বন্যায় দুর্গত অসহায় জনসাধারণের মাঝে বিতরণ করবেন। খাদ্য সামগ্রী হস্তান্তরকালে উপস্থিত ছিলেন সুনামগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বিজন কুমার সিংহ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মোহাম্মদ শফিকুল ইসলাম, নেজারত ডেপুটি কালেক্টর মেহেদী হাসান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব কর্মকর্তা সৈয়দ শামসুল তাবরীজ প্রমুখ।

সিটি মেয়রের সাথে নগরীর
বিশিষ্ট ব্যক্তিবর্গের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সাথে চট্টগ্রামের বিশিষ্ট ব্যক্তিবর্গ সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে মেয়র বলেন, বৃটিশ বিরোধী আন্দোলন থেকে শুরু করে দেশের স্বাধীনতা যুদ্ধসহ সকল রাজনৈতিক ও সাংস্কৃতিক আন্দোলনে চট্টগ্রাম সবসময় অগ্রণী ভূমিকা পালন করেছে। তিনি বলেন, চট্টগ্রামে যেসব ব্যক্তিবর্গ আন্দোলন সংগ্রামে নানাভাবে অবদান রেখেছেন, তাদের সম্মানে এবং নতুন প্রজন্মকে ইতিহাস সম্পর্কে ধারণা দেয়ার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন ঐসব অবদানকৃতদের স্মরণে ইতিহাস সম্বলিত নাম ফলক স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। ইতিমধ্যে স্বাধীনতার প্রথম ঘোষণাকারী মরহুম এম এ হান্নানসহ অনেকের নাম ফলক স্থাপন করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। একুশের প্রথম কবিতা “কাঁদতে আসিনি ফাঁসির দাবী নিয়ে এসেছি” রচয়িতা কবি মাহাবুবুল আলম চৌধুরীর নামে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পাবলিক লাইব্রেরীর নাম কবি মাহাবুবুল আলমের নামে নাম করণের প্রস্তাব মন্ত্রণালয় থেকে অনুমোদন হয়ে আসায় সন্তোষ প্রকাশ করে বলেন, মাহাবুবুল আলম চৌধুরীর নাম ফলকটি স্থাপন করার সময় চট্টগ্রামের লেখক, কবি সাহিত্যিক ও বুদ্ধিজীবীদের আমন্ত্রণ জানিয়ে বড় ধরণে একটি অনুষ্ঠান করার চিন্তা ভাবনা রয়েছে। তিনি এ অনুষ্ঠানে চট্টগ্রামে ভাষা আন্দোলনে যারা অবদান রেখেছেন তাদের কীর্তিগাঁথা নিয়ে একটি স্মরণিকা প্রকাশ করা হবে বলেও অভিমত ব্যক্ত করেন। আজ বৃহস্পতিবার দুপুরে বাটালি হিলস্থ অস্থায়ী নগর ভবনের মেয়র দপ্তরে চট্টগ্রামের বিশিষ্ট ব্যক্তিবর্গ সাক্ষাত করতে এলে তিনি এ কথা বলেন।

মেয়র আরো বলেন চট্টগ্রাম মহানগরীতে মুক্তিযুদ্ধ শুরুর প্রাক্কালে জামালখান মোড়ে পাক হানাদার বাহিনীর অতর্কিত আক্রমণের প্রথম শহীদ বশরুজ্জামান চৌধুরী, দিপক বড়ুয়া ও জাফরের নামে যে স্মৃতি ফলকটি চেরাগী পাহাড়ের মোড়ে স্থাপন করা হয়েছে খাস্তগীর স্কুলের সামনে দৃশ্যমান স্থানে পুনঃ স্থাপন করা হবে বলেও জানান। মেয়রের সাথে সাক্ষাত কালে আন্তর্জাতিক যুদ্ধ অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর এড. রানা দাশগুপ্ত বলেন, ব্রিটিশ বিরোধী আন্দোলনে প্রীতিলতার আত্মদানকে স্মরণ করে রাখার জন্য পাহাড়তলীস্থ তৎকালীণ ইউরোপিয়ান ক্লাবকে যাদুঘরে রূপান্তর করার জন্য ইতোমধ্যে মেয়র যে প্রস্তাব দিয়েছেন তা বাস্তবায়নে রেলওয়ে কর্তৃপক্ষসহ সকলের সহযোগিতা প্রদান করা উচিত বলে মতামত ব্যক্ত করেন। বাংলাদেশের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় সভাপতি কমরেড শাহ আলম কবির, মাহাবুবুল আলম চৌধুরীর ভাষা আন্দোলনের অবদান ও আমাদের মহান মুক্তি যোদ্ধে যারা যে জায়গায় অবস্থান করে অবদান রেখেছেন তাদের ইতিহাস সম্বলিত স্মৃতিস্তম্ভ করার চসিকের উদ্যোগকে স্বাগত জানান। এ সময় উপস্থিত ছিলেন বিশিষ্ট মুক্তিযোদ্ধা অমলেন্দু সরকার, পিনাকি দাশ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩